রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৫০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৩, ২০১৮

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৮৯—৮০০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৮৯—১৪৩২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৬৫৭—৩৮৬৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৫—৬৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণি সম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৫/২৪ অক্টোবর ২০১৮

**নং ৩৩.০১.০০০০.১১৮.০০৪.০৬-৭২৩**—বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা এর আয় বৃদ্ধি, ভবিষ্যৎ পরিকল্পনা, সার্বিক উন্নয়ন ও চিড়িয়াখানার গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষে এবং ব্যবস্থাপনা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে সুচিন্তিত পরামর্শ ও সহায়তা প্রদানের নিমিত্তে জনপ্রতিনিধি, বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা প্রধান, প্রাণি বিষয়ে বিশেষজ্ঞ এবং সুনামধন্য ব্যক্তিবর্গের সমন্বয়ে এ মন্ত্রণালয়ের গত ১০-০৭-২০১৪ তারিখের ৩৩.০১.০০০০.১১৮.১৮.০০৪.০৬-৩১৭ মূলে গঠিত "ঢাকা চিড়িয়াখানা উপদেষ্টা কমিটি" পূণর্গঠন করে নিম্নরূপভাবে "বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা উপদেষ্টা কমিটি" গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**সদস্যবৃন্দ**

২। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান এভিনিউ, ঢাকা।

৩। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।

৪। জনাব কামাল আহমেদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ঢাকা-১৫ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটি সদস্য।

৫। জনাব আসলামুল হক, মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ঢাকা-১৪, মিরপুর, ঢাকা।
(বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার সংসদীয় এলাকা)

৬। জনাব মোঃ ইলিয়াস উদ্দিন মোল্লা, মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ঢাকা-১৬।

৭। বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এর প্রতিনিধি।

৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।

১০। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। মহাপরিচালক, বিজিবি, ঢাকা।

১২। মহাপরিচালক, র‌্যাব, ঢাকা।

১৩। পুলিশ কমিশনার, ডি.এম.পি, ঢাকা।

১৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১৬। কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১৮। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

১৯। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২০। মহাপরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা।

২১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২২। অধ্যাপক আনোয়ারুল ইসলাম, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪। অধ্যাপক ডঃ আবু হাদি নূর আলী খান, প্যাথলজি বিভাগ, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

২৫। অধ্যাপক ড. আব্দুল হাসেম, এ্যানিমেল সায়েন্স, পশুপালন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

২৬। অধ্যাপক মোস্তফা ফিরোজ, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৭। ড. লামিয়া আসাদ, সহযোগী অধ্যাপক, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৮। জেলা প্রশাসক, ঢাকা।

২৯। কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, আই.ইউ.সি.এন. বাংলাদেশ হাউজ নং-১১, রোড নং-১৩৮, গুলশান, ঢাকা।

৩০। জনাব ড. এনাম আল্ হক, সভাপতি, বাংলাদেশ বার্ড ক্লাব, ঢাকা।

৩১। জনাব মুকিত মজুমদার বাবু, চেয়ারম্যান, প্রকৃতি ও জীবন ফাউন্ডেশন, ঢাকা।

৩২। জনাব অজয় কুমার রায়, সাবেক মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

**সদস্য সচিব**

৩৩। কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।

১। প্রস্তাবিত এ কমিটির সদস্যগণ নিয়োগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর মেয়াদের জন্য সম্মানিত সদস্য হিসেবে নিয়োজিত থাকবেন। প্রয়োজনে কমিটির সদস্য সভাপতি বরাবর আবেদনের মাধ্যমে নিজেকে কমিটি থেকে প্রত্যাহার করতে পারবেন কিংবা সরকার প্রয়োজনে লিখিতভাবে জানিয়ে সদস্য পদ বাতিল করতে পারবেন।

২। কমিটির বছরে ০২ (দুই) টি সভা অনুষ্ঠিত হবে।

৩। কমিটির ন্যূনপক্ষে ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। মুলতবি সভার কোন কোরামের প্রয়োজন হবেনা।

৪। কমিটির আলোচ্যসূচী সভাপতির পূর্বানুমতিক্রমে/অনুমোদনক্রমে চূড়ান্ত করতে হবে।

**কমিটির কার্যপরিধি ঃ**

ক. চিড়িয়াখানার সার্বিক ব্যবস্থাপনা উন্নয়ন ও পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও উপদেশ প্রদান;

খ. চিড়িয়াখানার প্রজাতিভিত্তিক প্রাণির সমস্যা বিষয়ে পরামর্শ প্রদান;

গ. প্রকৃত চিত্ত বিনোদন কেন্দ্র হিসেবে পরিণত করার জন্য চিড়িয়াখানার সৌন্দর্য বৃদ্ধির পরামর্শ প্রদান;

ঘ. বিভিন্ন পশু-পাখির শান্তিপূর্ণ জীবন-যাপনের জন্য প্রাকৃতিক পরিবেশ সৃষ্টি এবং চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা বৃদ্ধিকরণ বিষয়ে পরামর্শ প্রদান;

ঙ. বাংলাদেশে বিলুপ্ত বা বিপন্ন প্রায় বিভিন্ন প্রজাতির পশু-পাখি সংগ্রহ করে চিড়িয়াখানায় তাদের বংশ বিস্তারের মাধ্যমে সংরক্ষণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

চ. চিড়িয়াখানার সার্বিক নিরাপত্তা ও সুষ্ঠভাবে পরিচালনা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

ছ. জাতীয় প্রতিষ্ঠান হিসেবে চিড়িয়াখার সামগ্রিক উন্নয়নে পরামর্শ প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আরা বেগম** (পিএএ)
উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ কার্তিক ১৪২৫/২১ অক্টোবর ২০১৮

**নং ৩৯.০০.০০০০.০১২.২২.০০২.১৮-১৮৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের (১) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ (২) প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্প এবং (৩) বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠান অনুদান নীতিমালা হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া, পদার্থ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান, চেয়ারম্যান, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪। অধ্যাপক ড. লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

৫। অধ্যাপক ড. এম কায়কোবাদ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৬। অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস, এগ্রিকালচার বোটানী বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭। অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৮। অধ্যাপক ড. মোঃ সেকুল ইসলাম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য সচিব**

৯। জনাব মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
যুগ্মসচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০৩ কার্তিক ১৪২৫/১৮ অক্টোবর ২০১৮

**নং ৪১.০০.০০০০.০৪১.২৭.০১১.১৮-৩৯১**—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, সদর, মাদারীপুর (অতিরিক্ত দায়িত্ব: উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর) গত ২৩-০৯-২০১৮ খ্রিঃ তারিখ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা সমাজসেবা কার্যালয়, শিবচর, মাদারীপুর পরিদর্শনকালে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, বর্ণিত অভিযোগসমূহ প্রাথমিকভাবে সত্য বলে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

যেহেতু, তাঁর এহেন অদক্ষতা, কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং দায়িত্ব পালনে অবহেলা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(ক) ও (খ) মোতাবেক 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর সামিল এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, উল্লিখিত 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২(১) মোতাবেক তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২(১) মোতাবেক জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, সদর, মাদারীপুর (অতিরিক্ত দায়িত্ব: উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর) কে চাকরি হতে **"সাময়িক বরখাস্ত"** করা হলো।

২। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জিল্লার রহমান**
সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৫.১৩-৩৫৪**—যেহেতু, জনাব সাবাহ উদ্দিন আহমেদ (পিআরএল ভোগরত), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী প্রাক্তন প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), চট্টগ্রাম পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ১৪-০৮-২০১২ এবং ১৫-০৮-২০১২ তারিখে যথাক্রমে ঢাকা বিমানবন্দর এবং ঢাকা কমলাপুর রেলওয়ে স্টেশনে বিশেষ দায়িত্ব পালনে আদেশপ্রাপ্ত হয়েও কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করে রেলপথ মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ৫৪.০০.০০০০.০০৮.২৭.০০৫.১৩-২৮২ নং স্মারক যোগে তার কৈফিয়ত তলব করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানতে চাওয়া হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৯-০৫-২০১৩ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে ০৭-০৭-২০১৩ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক ছিলনা;

যেহেতু, বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ২৫-০৭-২০১৩ তারিখে তৎকালীন উপসচিব জনাব শাহ্ মো: ইমদাদুল হক-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে, পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ১৪-০৮-২০১২ এবং ১৫-০৮-২০১২ তারিখে যথাক্রমে ঢাকা বিমানবন্দর এবং ঢাকা কমলাপুর রেলওয়ে স্টেশনে বিশেষ দায়িত্ব পালনে আদেশপ্রাপ্ত হয়েও কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগের বিষয়টি, সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব সাবাহ উদ্দিন আহমেদ (পিআরএল ভোগরত), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী প্রাক্তন প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), চট্টগ্রাম-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) {সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি} অনুযায়ী 'তিরস্কার' (Censure) দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোফাজ্জেল হোসেন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৩**—ঢাকা জেলার তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-১৫(০২)১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, চাপাতি, মোবাইল ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর জোগসাজসে একত্রিত হয়ে দেশের সার্বভৌমত্ব বিপন্ন ও শান্তি শৃঙ্খলা বিনষ্ট করার লক্ষ্যে বিভিন্ন খুন জখমের মাধ্যমে ধ্বংসাত্মক কার্যক্রম ও নাশকতা বাস্তবায়নের লক্ষ্যে একত্রিত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৪**—ঢাকা জেলার বাড্ডা থানার মামলা নং-১৬(১১)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা তথ্য আদান-প্রদানের মাধ্যমে নিষিদ্ধ ঘোষিত সংগঠনকে শক্তিশালী করে দেশের শান্তি শৃঙ্খলা বিনষ্টসহ দেশের নিরাপত্তা, স্বাধীনতা ও সার্বভৌমত্ব ধ্বংস করার চক্রান্তে লিপ্ত থাকার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৫**—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং-২০(১২)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত মোবাইল ফোন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী ধর্মীয় বিদ্বেষমূলক, উস্কানীমূলক, সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ সংক্রান্ত হিংসাত্মক প্রচারণা চালানোর অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৬**—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং-৬২(০৬)১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত লিফলেট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিভিন্ন কায়দায় অন্য ব্যক্তিকে সংগঠনের সদস্য বৃদ্ধি, জঙ্গিবাদ প্রক্রিয়ায় অবদান রেখে লিফলেট বিতরণ ও নাশকতার ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৭**—ঢাকা জেলার আদাবর থানার মামলা নং-২৯(০৪)১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, মোবাইল ফোন, ল্যাপটপ ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী জঙ্গি সংগঠনকে সমর্থন, সন্ত্রাসী কাজে অর্থায়ন, সন্ত্রাসী কাজে সাহায্য, সহায়তা এবং জঙ্গি কাজে ব্যবহৃত উস্কানীমূলক বিভিন্ন বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ২২ আশ্বিন ১৪২৫/০৭ অক্টোবর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৮৯**—চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল থানার মামলা নং-০৬, তারিখ: ১২-০৫-২০১৭ এ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত গান পাউডার, ড্রাম, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে ও সহায়তার মাধ্যমে দেশের অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্য মজুদ রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯১**—ঢাকা জেলার খিলগাঁও থানার মামলা নং-০৯(০৮)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অপরাধ সংগঠনের উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক বৈঠক করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯২**—ঢাকা জেলার রামপুরা থানার মামলা নং-৩৫(০৩)১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সদস্যপদ গ্রহণপূর্বক প্রশিক্ষণ গ্রহণ এবং জঙ্গিবাদী বই ও পুস্তিকা বিতরণের মাধ্যমে অন্যান্যদের জঙ্গিবাদে প্ররোচিত করে দেশের ক্ষতি সাধনের ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৩**—ঢাকা জেলার উত্তরা পশ্চিম থানার মামলা নং-৪৬(১১)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির মাধ্যমে সন্ত্রাসী কার্যকলাপের জন্য সংহতি, জননিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য আতংক সৃষ্টি করার নিমিত্ত সদস্যপদ গ্রহণ, সমর্থন, ষড়যন্তের চেষ্টা ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৪**—বগুড়া জেলার দুপচাঁচিয়া থানার মামলা নং-১০, তারিখ : ০৮-০৯-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, পেট্রোল বোমা ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার তথা রাষ্ট্র বিরোধী জিহাদী বই ও পেট্রোল বোমা নিজ হেফাজতে রাখাসহ রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি সাধনের লক্ষ্যে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৫**—ঢাকা জেলার মতিঝিল থানার মামলা নং-১১(০৫)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ব্যাগ, মোবাইল ফোন, ল্যাপটপ, বিভিন্ন প্রকার জিহাদী বই, পাসপোর্ট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে সরকার বিরোধী ষড়যন্ত্রের উদ্দেশ্যে নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে সরকার বিরোধী প্রচার ও বইসহ নিষিদ্ধ সংগঠনকে সমর্থনপূর্বক শক্তিশালী করার লক্ষ্যে বিভিন্ন হত্যার পরিকল্পনাসহ সরকার উৎখাত এবং জিহাদী বই হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৬**—ঢাকা জেলার রামপুরা থানার মামলা নং-২৯(০১)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পাসপোর্ট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে প্রতারণামূলকভাবে লোকজনদেরকে আটক করে মারপিট করা, মুক্তিপণ দাবী ও একই কাজে সহায়তা করা এবং অন্যের পাসপোর্ট বৈধ অনুমিত ব্যতীত নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৭**—ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও সদর থানার মামলা নং-২২, তারিখ : ১৩-০২-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত রেজিস্টার বই, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকারি সম্পত্তির ক্ষতির সাধনের উদ্দেশ্যে ষড়যন্ত্র/সহায়তা/প্ররোচিত করে নিষিদ্ধ সত্তাকে সমর্থন বা উহার কর্মকান্ডকে গতিশীল অপরাধ সংগঠনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী কর্মকান্ডকে প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৬৯৮**—রাজশাহী জেলার বোয়ালিয়া মডেল থানার মামলা নং-৫৫, তারিখ : ২৮-০৩-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত গান পাউডার ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের পরিবেশ বিনষ্ট করার জন্য বিস্ফোরক দ্রব্যগুলো সংগ্রহপূর্বক বহন করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭.৬৯৯**—বিজ্ঞ আমলী আদালত, সদর নেত্রকোনার সিআর মামলা নং-৫৬৬(১)০৭ এ বর্ণিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০(খ)/১২৪(ক)/৫০০ ধারার বিধান মোতাবেক প্রসিকিউশন দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারামতে এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/১৪ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮.৭২৪**—ঢাকা জেলার ক্যান্টনমেন্ট থানার সাধারণ ডায়েরী নং-৪৯৮, তারিখ : ১২-১০-২০১৮ এ উল্লিখিত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগে মামলা রুজু/ তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৩৫০/২০১৮/কাস্টমস/৬০৬**—The Customs Act, 1969 (Act- IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তাং-০৬-১২-১৫) অনুকূলে ২০১৮–১৯ অর্থবছরে নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ২,০৫,৯০৯.২০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৭৫,০০০.০০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৪০,০০০.০০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২৯,৯০৫.৫২ |
| | সর্বমোট = | ৩,৫০,৮১৪.৭২ |

নং **৩৪৯/২০১৮/শুল্ক/৬০৭**—The Customs Act, 1969 (Act- IV of 1969) এর Section- -13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আখাউড়া স্থল শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপনীর (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৫, তাং-০১-০৭-১৫) অনুকূলে ২০১৮–১৯ অর্থবছরে নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৪০,০০০.০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৪০,০০০.০০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩০,০০০.০০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২০,০০০.০০ |
| | সর্বমোট = | ২,৩০,০০০.০০ |

নং **৩৪৮/২০১৮/কাস্টমস/৬০৮**—The Customs Act, 1969 (Act- IV of 1969) এর Section- 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মোংলা সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-এস/০১/বন্ড লাইঃ/বেলাজিও/মংলা/২০১৬, তাং-১২-০৪-১৬) অনুকূলে ২০১৮–১৯ অর্থবছরে নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৫০,০০০.০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৫০,০০০.০০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩০.০০০.০০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২০,০০০.০০ |
| | সর্বমোট = | ২,৫০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতাল মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ কার্তিক ১৪২৫ ব:/২৯ অক্টোবর ২০১৮ খ্রি:

নং **০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-১২৪**—সরকার জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর আওতাভুক্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অপারেশনাল কাজে নিয়োজিত উপসহকারী পরিচালক (গ্রেড-১০) হতে ফায়ারম্যান/ নার্সিং এ্যাটেনডেন্ট (গ্রেড-১৮) পর্যন্ত এবং সমপর্যায়ের কর্মচারীগণকে নিম্নবর্ণিত হারে মাসিক ঝুঁকিভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

| ক্রমিক | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড | মাসিক ঝুঁকিভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০-৫ বছর | চাকরির বয়স ৫+ হতে ১০ বছর | চাকরির বয়স ১০+ হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+ হতে ২০ বছর | চাকরির বয়স ২০+ হতে তদুর্দ্ধ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | গ্রেড ১৮ | ১৪০০/- | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৮০০/- |
| ২ | গ্রেড ১৭ | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| ৩ | গ্রেড ১৬ | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- | ৩২০০/- |
| ৪ | গ্রেড ১৫ | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| ৫ | গ্রেড ১৪ | ১৮০০/- | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- |
| ৬ | গ্রেড ১৩ | ১৯০০/- | ২৩০০/- | ২৮০০/- | ৩৪০০/- | ৪০০০/- |
| ৭ | গ্রেড ১২ | ২১০০/- | ২৫০০/- | ৩০০০/- | ৩৬০০/- | ৪৪০০/- |
| ৮ | গ্রেড ১১ | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৬০০/- |
| ৯ | গ্রেড ১০ | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৫০০/- | ৫৪০০/- |

২। এ আদেশ জারীর তারিখ থেকে সংশোধিত ঝুঁকিভাতা কার্যকর হবে।

৩। অর্থ বিভাগের ১৮-১০-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৩ সংখ্যক প্রজ্ঞাপনটি সংশোধনপূর্বক এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুশান্ত কুমার সাহা**
অতিরিক্ত সচিব।

---

**[একই নম্বর ও তারিখে জারীকৃত আদেশের স্থলাভিষিক্ত]**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ অক্টোবর ২০১৮

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.১৮-৬৬৫**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৬(ই) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সাধারণ পর্ষদের সদস্য হিসেবে ০৩ (তিন) বছরের জন্য পুনঃ মনোনয়ন প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৫.০০.০০০০.০১৩.৯৯.০২২.১৬-১৪১**—সরকারি চাকুরী বিধিমালার "জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা" (General Principles of Seniority) এর ধারা ২বি-১(এ) এবং (বি) এবং BSR (Part-1) এবং FR-30 (15) and 55 অনুযায়ী জনাব মোঃ রোকন উদ্দিনকে তার মূল ব্যাচ ১৮তম বিসিএস (গণপূর্ত) ক্যাডারের জুনিয়র কর্মকর্তার পদোন্নতির তারিখ অর্থাৎ ১৪-০৬-২০১১ তারিখ হতে নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো। এক্ষেত্রে তিনি কোন রকম আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোসাঃ সুরাইয়া বেগম**
উপসচিব।

**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ কার্তিক ১৪২৫/৩১ অক্টোবর ২০১৮

নং **২৫.০০.০০০০.০১৯.০২.০১৪.৯৯.৬৩২**—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৫ (১) (ড) ও ৫(২) ধারা বলে সরকার নিম্নবর্ণিত ০৬ (ছয়) জন ব্যক্তিকে ৩১ অক্টোবর ২০১৮ হতে ৩০ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করলেন :

| ক্রঃ নং | নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ জসিম উদ্দিন,<br>পিতা- মরহুম মজিবুল হক | গ্রাম-রঘুনাথপুর, থানা-জোরারগঞ্জ, উপজেলা-মীরসরাই,<br>জেলা-চট্টগ্রাম। |
| ০২ | স্থপতি আশিক ইমরান,<br>মৃত শুকুর আলী | কোম্পানী বাড়ি, গ্রাম: পাতিয়া পাড়া, পোস্ট: গুজরা নোয়াপাড়া,<br>উপজেলা: রাউজান, জেলা: চট্টগ্রাম। |
| ০৩ | জনাব মোহাম্মদ জসিম উদ্দীন শাহ্,<br>পিতা- মরহুম হাজী ঠান্ডা মিয়া সওদাগর | উইন্টার সান, ফ্ল্যাট নং-ই-২, বাড়ী নং-১০, রোড-০৫, নাসিরাবাদ<br>হাউজিং সোসাইটি, চট্টগ্রাম। |
| ০৪ | জনাব কে.বি.এম শাহজাহান,<br>পিতা-মরহুম কে.বি.এম সিরাজউদ্দিন আহমেদ | ১১৮ রাজামিয়া ভবন, মুরাদপুর, সি.ডি.এ.এভিনিউ, পাঁচলাইশ,<br>চট্টগ্রাম। |
| ০৫ | জনাব এম আর আজিম, পিতা- মরহুম নুরুল আবছার | গ্রাম-ধর্মপুর (জজবাড়ী),<br>ডাকঘর-ধর্মপুর, উপজেলা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম। |
| ০৬ | জনাবা রুমানা নাসরীন, পিতা-মরহুম মজিবুল মাওলা | এম.পি. ওবাইদুল হক সাহেবের বাড়ি, গ্রাম: সন্তোষপুর,<br>উপজেলা-সন্দ্বীপ, জেলা-চট্টগ্রাম। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**

উপসচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৫/২৪ অক্টোবর ২০১৮

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.১৫(অংশ)-৪৮৮**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন)(১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | নীলফামারী বড় মসজিদ<br>গ্রাম: কালি বাড়ি<br>ওয়ার্ড নং: ১,<br>নীলফামারী পৌরসভা<br>ডাকঘর: নীলফামারী<br>উপজেলা: নীলফামারী সদর<br>জেলা: নীলফামারী। | নীলফামারী | ৯২০<br>৮২০<br>৯৪৫ | ৫৮৭৮<br>৫৬৭১<br>৫৬৬৯<br>৫৬৬৮<br>৫৬৬৪<br>৫৯৩০<br>৫৬৬৫<br>৫৬৬৬ | ১৪<br>২৭<br>০৮<br>১১<br>২২<br>০৬<br>০২<br>০১ | পূর্ব- রাস্তা<br>পশ্চিম-পাকা রাস্তা<br>উত্তর- মোশারফ এর বাড়ি<br>দক্ষিণ- রাস্তা | জামে মসজিদের পক্ষে মোতয়ারী। | হ্যাঁ | সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণার জন্য স্থানীয় জনগণের কোন আপত্তি নেই। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**

যুগ্মসচিব।

**[একই নম্বর ও তারিখ সম্বলিত স্মারকের প্রতিস্থাপন]**
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ৭ আগস্ট ২০০৭

নং **মপম/ম-১/পদ-১০/৯৭/৫৯৮**—প্রশাসনিক পূণর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১০ জুলাই ২০০৭ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ, মন্ত্রিপরিষদ বিভাগের ২২-০৭-২০০৭ তারিখের পত্র নং-মপবি/নিকার/১(১)/২০০৭/৭১ এবং ভূতাপেক্ষভাবে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২০-১২-২০১৭ তারিখের ৮০.১০৮.০৩৬.০২.৩৩.০৬৩.২০১৬.৩৫০ সংখ্যক স্মারকের আলোকে মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তার ৪৫৬টি পদ এবং সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকের ১৩টি পদ দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উন্নীতকরণসহ পদ দুটিতে কর্মরত ৩২৬ (তিনশত ছাব্বিশ) জন কর্মকর্তার পদ দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদমর্যাদায় উন্নীতকরণে সংশোধিত সরকারী অনুমোদন জ্ঞাপন করা হলো। পদদু'টির পূর্বের স্কেল ও মর্যাদা এবং উন্নীত স্কেল ও মর্যাদা নিম্নরূপ :

| ক্রমিক নং | পদের নাম | পূর্বের বেতনস্কেল | পূর্বের মর্যাদা | উন্নীত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০০৫ অনুসারে) | উন্নীত মর্যাদা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী মৎস্য কর্মকর্তা | ৩৩০০-৬৯৪০/- | তৃতীয় শ্রেণি | ৫১০০-১০৩৬০/- | ২য় শ্রেণি (গেজেটেড) |
| ২ | সামুদ্রিক মৎস্য শাখার 'পরিদর্শক' | ৩৫০০-৭৫০০/- | তৃতীয় শ্রেণি | ৫১০০-১০৩৬০/- | ২য় শ্রেণি (গেজেটেড) |

বর্তমানে কর্মরত সহকারী মৎস্য কর্মকর্তা এবং সামুদ্রিক মৎস্য শাখার 'পরিদর্শক'দেরকে উন্নীত পদমর্যাদা ও বেতনক্রম প্রদানের বেলায় নিম্নলিখিত শর্তাবলী পালন করতে হবে :

(ক) পদগুলির বর্তমান পদধারীগণের মধ্যে যাদের শিক্ষাগত যোগ্যতা স্নাতক, তাঁরা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় শ্রেণির মর্যাদায় উন্নীত হবেন।

(খ) যারা স্নাতক ডিগ্রী প্রাপ্তনন তারা পেশাগত বিষয়ে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ডিপ্লোমা কোর্স আবশ্যিকভাবে সম্পন্ন করার পর দ্বিতীয় শ্রেণিতে উন্নীত হবেন।

২। দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা ও বেতনস্কেল এর সুবিধা প্রশাসনিক আদেশ (প্রজ্ঞাপন) জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাফছা বেগম**
উপসচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**বেতার -১ অধিশাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ কার্তিক ১৪২৫/২৮ অক্টোবর ২০১৮

নং **১৫.০০.০০০০.০২১.১৮.৮৭১.১২.৪৫৩**—যেহেতু, বিসিএস (তথ্য) ক্যাডারের কর্মকর্তা, বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের সহকারী বেতার প্রকৌশলী কাজী আফরোজা সুলতানা-কে তথ্য মন্ত্রণালয়ের ১৮-০৭-২০১৩ খ্রিঃ তারিখের ২২৭ নম্বর অফিস আদেশের মাধ্যমে নরওয়ের University of Oslo-তে MSc in Innovation & Entrepreneurship কোর্সে অধ্যয়নের জন্য ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখ থেকে ১৪-০৭-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা কর্মস্থল ত্যাগের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য অর্ধ গড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে তাকে তথ্য মন্ত্রণালয়ের ১৬-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৫৫ নম্বর আদেশের মাধ্যমে পূর্বে মঞ্জুরকৃত ০২(দুই) বছরের শিক্ষা ছুটির ধারাবাহিকতায় ০৬-০৮-২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা হয় ;

যেহেতু, উক্ত ছুটি শেষে তিনি কর্মস্থলে যোগদান না করে ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ;

যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধিমতে অসাধারণ (Misconduct) ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের (Desertion) অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ৮৭১/১৭ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান, দাপ্তরিক, স্থায়ী ও বৈদেশিক ঠিকানায় প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য বলা হয় ;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় অভিযোগসমূহ তদন্তের জন্য তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বেতার) জনাব মোঃ আবুল কালাম আযাদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে ;

যেহেতু, তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-১৯৮৫ এর ৭(৬) বিধি মোতাবেক তাকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য ২য় কারণ দর্শানো নোটিশ তার বর্তমান, দাপ্তরিক, স্থায়ী ও বৈদেশিক ঠিকানায় প্রেরণ করা হয় এবং দীর্ঘ সময় অতিবাহিত হলেও জবাব না পাওয়ায় পুনরায় ২য় কারণ দর্শানো নোটিশ বহুল প্রচারিত ২টি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় ;

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান না করায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) অনুযায়ী কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ (০১-০৭-২০১৬ খ্রিঃ) থেকে সরকারি "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" শাস্তি আরোপের গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় ;

যেহেতু, কাজী আফরোজা সুলতানা এর বিরুদ্ধে গুরুদন্ড প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) বিধি এবং ইতোমধ্যে জারীকৃত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৭(১০) বিধি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয় ;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কাজী আফরোজা সুলতানা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) অনুযায়ী কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ (০১-০৭-২০১৬ খ্রিঃ) থেকে সরকারি "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করার বিষয়ে একমত পোষণ করে ;

যেহেতু, কাজী আফরোজা সুলতানা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) অনুযায়ী কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ (০১-০৭-২০১৬ খ্রিঃ) থেকে সরকারি "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" শাস্তি আরোপের বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন ;

সেহেতু, বিসিএস (তথ্য) ক্যাডারের কর্মকর্তা, বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের সহকারী বেতার প্রকৌশলী কাজী আফরোজা সুলতানা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) অনুযায়ী কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ (০১-০৭-২০১৬ খ্রিঃ) থেকে সরকারি "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

---

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **১৪.০০.০০০০.০০৩.১১.০৭৭.১২.২০৪**—জনাব মোঃ আমান উল্যা মজুমদার, প্রাক্তন ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, কুষ্টিয়া বিভাগ, বর্তমানে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, টাংগাইল বিভাগ, টাংগাইল (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত আমলী-১ কুষ্টিয়ায় গত ১৫-০৫-২০১৬ খ্রি. তারিখে সিআর- ২৭৬/২০১৬ মামলা দায়ের হওয়ায় তাকে (জনাব মোঃ আমান উল্যা মজুমদার) এ বিভাগের প্রজ্ঞাপন নং ১৪.০০.০০০০.০০৩.১১.০৭৭.১২-১২২ তারিখ ২৬-০৪-২০১৭ খ্রি. মূলে সাময়িক বরখাস্ত করা হয়। অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত আমলী-১ কুষ্টিয়া কর্তৃক গত ১৭-০৫-২০১৭ খ্রি. তারিখের আদেশে জনাব মোঃ আমান উল্যা মজুমদার, প্রাক্তন ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, কুষ্টিয়া বিভাগ, বর্তমানে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, টাংগাইল বিভাগ, টাংগাইলকে উক্ত আদালতের মামলা হতে খালাস প্রদান করায় সাময়িক বরখাস্তে আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহাল করা হলো।

২। এই সাময়িক বরখাস্তকালীন সময়কে চাকরিকাল হিসাবে গণ্য করা হবে।

৩। এই সময়কালে তিনি বিধি মোতাবেক সকল বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শ্যাম সুন্দর সিকদার**
সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## নির্মাণ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২১ অক্টোবর ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০.১৫৬.৯৯.০১৯.১৮-৫৯৯**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন "ন্যাশনাল ইনস্টিটিউট অব ডাইজেস্টিভ ডিজিজেস রিসার্চ এ্যান্ড হাসপাতাল" এর নাম "শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ অক্টোবর ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০.১৫৬.৯৯.০৭০.১৮-৬০৮**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার পাঁচবাগ ইউনিয়নের পাঁচবাগ গ্রামে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "মাহমুদা মেমোরিয়াল ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা**

**পরিপত্র**

তারিখ : ২২ অক্টোবর ২০১৮ খ্রি:

**বিষয়: ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হেমাটোলজি বিভাগে HB Electrophoresis ইউজার ফি'র হার নির্ধারণ**

নং **৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০৫.১৭-১০৩৯**—স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হেমাটোলজি বিভাগে HB Electrophoresis পরীক্ষা নিরীক্ষার বিষয়ে অর্থ বিভাগের ১৭-০৯-২০১৮ তারিখের নং-০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-৪৭ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মত্তির আলোকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে ইউজার ফি'র হার ১,০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা হলো :

(ক) এ বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে কোড ১২৭০২০১১১০৫১৪-১৪২৩২০৯ এ জমা করতে হবে;

(খ) সরকারি কর্মচারি (চিকিৎসা সুবিধা) বিধিমালা, ১৯৭৪ এর আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারিগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে ;

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে ;

(ঘ) এ ধরণের যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে অন্যান্য সকল সরকারি হাসপাতালে বর্ণিত পরীক্ষা-নিরীক্ষা ও চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রেও উল্লিখিত হারে ফি নির্ধারণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ অক্টোবর ২০১৮

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৩০৮**—চট্টগ্রাম জেলার সাতকানিয়া পৌরসভার ০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আবদুল মালেক মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উক্ত ওয়ার্ডের কাউন্সিলর এর পদ প্রজ্ঞাপন জারীর তারিখ থেকে শূন্য ঘোষণা করিল।

রাষ্টপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০০৩.১৮-১৪৩২**—১২ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/২৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪ (চার) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | তেঁতুলিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় |
| ২. | বদরগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, বদরগঞ্জ, রংপুর |
| ৩. | কধুরখীল উচ্চ বিদ্যালয়, বোয়ালখালী, চট্টগ্রাম |
| ৪. | সুজানগর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, সুজানগর, পাবনা |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।